

2 0 1 8

BENGALI

(Major)

Paper : 6.5

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। নির্দেশানুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭
- (ক) গুণধরের বাবা ধনঞ্জয় চৌধুরী কোন্ অসুখে ভোগেন ?
- (খ) “ওরকম ছোটো কাগজে কি নৌকা বানানো যায়!”
ছোটো কাগজটি কী ?
- (গ) ‘দুঃখ দরিয়ার মাঝি’ গানটি পবিত্র কার কাছ থেকে
শিখেছিল ?
- (ঘ) ‘হারানো দিন হারানো মানুষ’ গ্রন্থে উল্লিখিত যে কোনো
একটি যাত্রাদলের নাম লেখো।
- (ঙ) কোন্ পাঠশালায় সুজিৎ চৌধুরীর বিদ্যাশিক্ষা শুরু
হয়েছিল ?

(2)

- (চ) “বাংলার ক্রিকেটচর্চার তিনি ছিলেন অন্যতম প্রবর্তক।”
এখানে কার কথা বলা হয়েছে ?
- (ছ) “সুনামগঞ্জ এলাকাটাই নিচু জায়গা, দেশি ভাষায় যাকে বলে _____ অঞ্চল।” (শূন্যস্থান পূর্ণ করো)

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) গুণধরদের দোকানে নকল একটাকার কয়েন নিয়ে কে এসেছিল এবং কেন ?
- (খ) ধনঞ্জয় চৌধুরী তাঁর খাতক চক্রবর্তীর কাছ থেকে কীভাবে পাওনা টাকা আদায় করেছিলেন ?
- (গ) স্কুলবাড়ির লাগোয়া তিনটি কোয়ার্টারসের একটিতে সুজিৎ চৌধুরীরা ছিলেন। অপর দুটিতে কারা থাকতেন ?
- (ঘ) সিলেটের জাতীয়তাবাদীদের যথার্থ মুখপত্র ছিল কোন্ পত্রিকা ? পত্রিকাটির সম্পাদক কে ছিলেন ?

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

- (ক) “তোমার কাছে সারেন্ডার করছি আমি।” কে, কার কাছে সারেন্ডার করতে চাইছে এবং কেন ? সপ্রসঙ্গ আলোচনা করো।
- (খ) “তোমার জিনিস পাহারা দিচ্ছি বাবা।” কে, কার জিনিস পাহারা দিচ্ছেন ? উক্তিটির মাধ্যমে বক্তার যে চারিত্রিক বৈশিষ্ট্য প্রকাশিত হয়েছে তা আলোচনা করো।

(3)

- (গ) উজ্জ্বল ও উজ্জ্বলের বাবার টেলিফোনবাহিত কথোপকথনের মধ্যে গুণধর উচ্চস্বরে কোন্ ছড়া আবৃত্তি করেছিল এবং কেন ? সপ্রসঙ্গ আলোচনা করো।
- (ঘ) যতীন্দ্রমোহন চৌধুরীর ‘ছাতা-পর্ব’ সম্বন্ধে আলোচনা করো।

(ঙ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

“তবে ছোট জায়গার বড় বিপ্লবও বাইরের দুনিয়ায় পৌঁছায় না, তাই আমার দিদিরা ইতিহাসে উপেক্ষিত।”

৪। ক—গুচ্ছ ও খ—গুচ্ছ থেকে অন্তত একটি করে নিয়ে মোট তিনটি প্রশ্নের বিশদভাবে উত্তর দাও :

১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) ‘গুণধরের অসুখ’ নাটকটিকে নাট্যকার ‘নারী-বর্জিত ছ’চরিত্রের নাটক’ বলে অভিহিত করলেও নাট্যকাহিনীতে কয়েকটি নারী-চরিত্রের উপস্থিতি লক্ষ্য করা যায়। নাটকটিতে এই অদৃশ্য নারী-চরিত্রগুলির প্রভাব সম্বন্ধে আলোচনা করো।
- (খ) “এই নাটকের আলোচনায় কেউ অ্যাবসার্ড নাটকের, কেউ বিনির্মাণ তত্ত্বের, কেউ বাস্তব-পর্যায়ের উল্লেখ করতে পারেন। হয়তো সব দিক থেকেই সে-সব আলোচনার সমর্থন মিলবে।” সমালোচকের এই মন্তব্যের আলোকে ‘গুণধরের অসুখ’ নাটকটির ‘অ্যাবসার্ড’ বৈশিষ্ট্যগুলি বিশ্লেষণ করো।

(গ) 'গুণধরের অসুখ' নাটকের পবিত্র চরিত্রটিকে বিশ্লেষণ
করো।

খ—গুচ্ছ

(ঘ) 'হারানো দিন হারানো মানুষ' গ্রন্থে শ্রীহট্ট অঞ্চলের
লোক-সংস্কৃতির যে পরিচয় বিধৃত হয়েছে তা আলোচনা
করো।

(ঙ) 'হারানো দিন হারানো মানুষ' গ্রন্থানুসারে লেখকের
বাল্যজীবন বর্ণনা করো।

(চ) সুজিৎ চৌধুরী 'হারানো দিন হারানো মানুষ' গ্রন্থে তাঁর মা
সম্বন্ধে যে স্মৃতিচারণ করেছেন তার একটি বর্ণনা প্রস্তুত
করো।
